

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০১৫.২২.০০১.১২- ৩৬২

তারিখঃ ০৫-১২-২০২১ খ্রিঃ


বিষয়ঃ “কৃষি বিপণন বিধিমালা, ২০২১” এর আওতায় “উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি” গঠন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধির সাথে সাথে সুষ্ঠু বিপণন ব্যবস্থা নিশ্চিতকরণ, পণ্যের মান নিয়ন্ত্রণ, পণ্য সংরক্ষণাগার স্থাপন, বাজার তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণ, পরিবহন ব্যবস্থার উন্নয়ন ও সমবায় বিপণন ব্যবস্থা জোরদার করা সহ প্রযুক্তি নির্ভর বিপণন সম্প্রসারণ কার্যক্রমের ধারা অব্যাহত রয়েছে। কৃষকের উৎপাদিত ফসলের সঠিকমূল্য পাওয়ার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তর নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

২। দেশে উৎপাদিত কৃষিপণ্য ও কৃষিজাতপণ্য বিপণন ও গুদামজাতকরণ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য The Agricultural Produce Markets Regulation Act, 1964 এবং The Warehouses Ordinance, 1959 আইন ও অধ্যাদেশ দুটি সমন্বিত করে বাংলা ভাষায় আধুনিক ও যুগোপযোগী “কৃষি বিপণন আইন, ২০১৮” প্রণয়ন করা হয়েছে, যা গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

৩। উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে “কৃষি বিপণন বিধিমালা, ২০২১” বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যা বুধবার, নভেম্বর ৩, ২০২১ তারিখের এস, আর, ও নং- ৩৩০-আইন/২০২১ এ প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। বিধিমালার বিধি ২০ এ উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির গঠন, কার্যাবলী ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। “কৃষি বিপণন বিধিমালা, ২০২১” মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিধি ২০ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে “উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি” জরুরিভিত্তিতে গঠন একান্ত প্রয়োজন। উল্লেখ্য যে, কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর কপি কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইট www.dam.gov.bd এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, “কৃষি বিপণন বিধিমালা, ২০২১” এর বিধি ২০ অনুযায়ী “উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি” গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
ফোনঃ ৫৫০২৮৪৫৫
Email:dg@dam.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
পটিয়া, চট্টগ্রাম/রামগড়, খাগড়াছড়ি/লামা, বান্দরবান/কাপ্তাই, রাজশাহী।

কার্যার্থে বিতরণঃ

- ১। উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ।
(অধিনস্থ জেলার উপজেলা সমূহে কমিটি গঠনের কার্যক্রম তরান্বিতকরণের অনুরোধসহ)।
- ২। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম/খাগড়াছড়ি/রাজশাহী/বান্দরবান।
[সংশ্লিষ্ট কমিটির সম্মানিত সভাপতির সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগ এবং কমিটি গঠনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরতঃ গঠিত কমিটির হার্ডকপি ও সফট কপি hasnatmintodam@gmail.com ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ।